ইবনে সিনা

# হায়াত

আবে হায়াত

**বিবরণ:** হায়াত সর্দি এবং মাথাব্যথায় কার্যকর ন্যাচারাল মেডিসিন। ইহা বাহ্যিকভাবে প্রয়োগ করা হয়। বাংলাদেশ জাতীয় ইউনানী ফর্মুলারী অনুযায়ী তৈরী ঔষধটিতে ব্যবহৃত মূল্যবান উপাদান সমূহ হচ্ছে-

**উপাদান:** প্রতি ৫ মিলিতে আছে নিম্নলিখিত উপাদান সমূহ (জলীয় নির্যাস আকারে):

| ক্রমিক নং | ইউনানী নাম | বোটানিক্যাল নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | কাফুর | *Cinnamomum camphora* | ১.৬১৫ গ্রাম |
| ০২ | সত্তে আজওয়াইন | *Trachyspermum ammi* | ০.৮০৭ গ্রাম |
| ০৩ | সত্তে পুদিনা | *Mentha piperita* | ০.৪০৪ গ্রাম |
| ০৪ | রওগন ইউকেলিপতাই | *Oil-Eucaiyptus* | ০.৫১৯ মিলি |
| ০৫ | রওগন ছনোবর | *Pinus longifolia* | ০.২৫৯ মিলি |
| ০৬ | রওগন জিরা সিয়াহ | *Carum carvi* | ০.২৫৯ মিলি |
| ০৭ | রওগন আনিসুন | *Pimpinella anisum* | ০.১৯২ মিলি |
| ০৮ | টিংচার যাঞ্জাবীল | *Zingiber officinale* | ০.১৯২ মিলি |

সূত্র: আবে হায়াত, বা, জা, ই, ফ।

## আবে হায়াতে ব্যবহৃত হার্বস সমূহের ঔষধি গুনাগুনঃ

**১. কাফুর *(Cinnamomum camphora):***
ইহার আঠা এন্টিসেপটিক, ব্যথানাশক, সংকোচন বিরোধী ও বাত ব্যথার বিরুদ্ধে কার্যকর। স্থানিক অবশকারক ক্রিয়ার মাধ্যমে ইহা ব্যথা দূর করে। ইহা ঠাণ্ডাকারক বৈশিষ্ট্যের মাধ্যমে হিস্টিরিয়া, স্নায়বিক দুর্বলতা, স্নায়ুর ব্যথায় কার্যকর। ইহা মারাত্মক ডায়রিয়া এবং শ্বসন তন্ত্রের উর্ধ্বাংশের মিউকাস নিংসরণে সহায়ক। কর্পূর সাধারণত তেলের সেথে মিশিয়ে বাত, মচকা ব্যথা, সন্ধি প্রদাহ, গেটে বাত, স্নায়ুর ব্যথা ও পিঠে ব্যথায় বাহ্যিকভাবে ব্যবহার করা হয়।

**২. আজওয়াইন *(Trachyspermum ammi):***
ইহার বীজ এবং বীজের উদ্বায়ী তেল (থাইমল) পেট ফাঁপা, বদহজম, পেট ব্যথা, ডায়রিয়া, কলেরা, হিস্টিরিয়া, পেট মোচড়ানিতে কার্যকর। ইহা পেশীর সংকোচন দূর করে।

**৩. পুদিনা *(Mentha piperita):***
ইহাতে ৩০-৫৫% মেনথল আছে, যা পাকস্থলীর উত্তেজনা কমায় এবং অন্ত্রের কার্যকারিতা স্বাভাবিক করে। বাত ব্যথা, স্নায়ুর ব্যথা, কোমড় ব্যথা, গলা ব্যথা ও দাঁত ব্যথার ঔষধে ইহা ব্যবহৃত হয়। আলসারেটিভ কোলাইটিস চিকিৎসায় ইহা কার্যকর। ইহা পেশী ও সন্ধিব্যথায়ও কার্যকর।

**৪. ইউকেলিপতাই *(Eucalyptus oil):***
ইউকেলিপতাই তেল একটি প্রাকৃতিক এন্টিসেপটিক এবং জীবানুনাশক। ইহা বাহ্যিক ব্যবহারে প্রদাহ, ব্যথা ও ফোলা কমায়। ইহা মাথাব্যথা, স্নায়ুর ব্যথা এবং ব্যাকটেরিয়াল সংক্রমনে কার্যকর।

**৫. রওগন ছনোবর *(Pinus Longifolia):***
ইহার তেল সান্ধি ব্যথায় ও কোমর ব্যথায় বাহ্যিক ব্যবহার করা হয়। ইহার তেল মৃদু ব্যথায় ব্যবহৃত হয়।

**৬. রওগন জিরা সিয়াহ *(Carum carvi):***
ইহার বীজ ঠান্ডাকারক, সুগন্ধিকারক, ব্যথানাশক, সংকোচন বিরোধী। ইহা পাকস্থলীর গ্যাস বের করে দেয়। ইহা ক্রনিক ডায়রিয়া ও পেট ফাঁপায় উপকারী এবং ক্ষুধা ও রুচি বাড়ায়।

**৭. আনিসুন তেল *(Pimpinella anisum):***
পরিপাকতন্ত্রের উর্ধাংশের অস্বস্তি দূর করতে, শ্বসন তন্ত্রের প্রদাহ ও মুখ গহবরের গ্রদাহ সারাতে উপকারী।

**৮. আদা *(Zingiber officinale):***
ইহা প্রোস্টাগ্লান্ডিন উৎপাদন কমিয়ে প্রদাহ ও ব্যথা কমায়। আদা কোলেস্টেরলের মাত্রা কমায় এবং একই সাথে রক্ত সঞ্চালন বাড়ায়। ইহা সন্ধিকে উষ্ণ করে এবং এভাবে গেটে বাতে কার্যকর। আদায় ১২ টিরও অধিক এন্টি অক্সিডেন্ট থাকে যাহা কোষ কলায় প্রদাহ ও ক্ষয়কারী ফ্রি রেডিকেলের বিরুদ্ধে কার্যকর।

**রোগ নির্দেশনা:**
মাথাব্যথা, কানব্যথা, দন্তশূল, পৃষ্ঠবেদনা, সর্দি, নাকের সর্দি, কাটা-ছেঁড়া, কীট-পতঙ্গের দংশন, পেটব্যথা, দাস্ত, উদরাময়, বমি, অজীর্ণ, পেট ফাঁপা।

**ব্যবহার বিধি:**
***শিশু:*** ১-২ ফোঁটা দিনে ২-৩ বার। ***প্রাপ্ত বয়স্ক:*** ২-৪ ফোঁটা দিনে ৩-৪ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

**পার্শ্বপ্রতিক্রিয়া:**
ইউনানী ঔষধ হায়াতে তেমন কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই।

**সতর্কতা:**
ঔষধটি দিনে সর্বোচ্চ ৪ বার এর বেশী ব্যবহার করা যাবেনা।

**সংরক্ষন:**
আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষন করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ:**
প্রতিটি প্লাস্টিক ড্রপার/ভায়ালে রয়েছে **১০ মি.লি. ইবনে সিনা হায়াত** সলিউশন।

IBN SINA
প্রস্তুতকারক:
দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ (ইউনানী বিভাগ)
সফিপুর, কালিয়াকৈর, গাজীপুর, বাংলাদেশ।